সেই রুপার বিরুদ্ধে ডিজিটাল আইনে মামলা

জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি অবমাননা করায় মেহেরপুর শহরের বির্তকিত নারী নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আ্ইনে আদালতে মামলা দায়ের করেছে আতাউর রহমানের নামের এক ব্যক্তি।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট তারিক হাসানের আদালতে ১৪১/১৪২/১৪৯/২২৪/৪১৬/৪১৯/তৎসহ ডিজিটাল নিরাপত্তা আইনের ২১(ক) ধারায় নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে এই মামলাটি দায়ের করেন তিনি।
মামলার বিবরণে জানা গেছে, আসামি নিলুফার ইয়াসমিন রুপাকে দূর্দান্ত প্রকৃতির প্রতারক চক্রের সক্রিয় সদস্য উল্লেখ করে তিনি মামলায় লেখেন, রুপা দেহ ব্যবসায়ীর সাথে বিভিন্ন অপকর্ম করে বেড়ায়। নিরিহ ব্যক্তিদের ব্লাকমেল করে নগ্ন ছবি তুলে মোটা অংকের টাকা আদায় করে থাকেন।

নিলুফার ইয়াসমিনের বিরুদ্ধে অপকর্মের বিষয় প্রাথমিক ভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানা পুলিশ বাদী হয়ে মামলা দায়ের করেছে। যার মেহেরপুর সদর থানার মামলা নং ৩২, তারিখ ২/১১/২২ ইং, জিআর মামলা নং ৪২৯/২২ ধারা ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬/পিসি তৎসহ পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে ৮(১), ৮(২), ৮(৩), ৮(৪) ।

আতাউর রহমান তার মামলায় আরো অভিযোগ করেন, আসামি নিলুফার ইয়াসমিন মেহেরপুর শহরে বিভিন্ন অপকর্ম করে বেড়াই। নিরিহ মানুষদের ফাঁদে ফেলে টাকা পয়সা আদায় করে থাকে।
আসামির বিরুদ্ধে দায়েরকৃত হোটেল আটলান্টিকা কাণ্ড মামলা (জিআর ৪২৯/২২ মামলা) থেকে গ্রেফতার এড়ানোর জন্য নিজে মেহেরপুর বঙ্গবন্ধু সৈনিক লীগের সদস্য না হয়েও মামলার বিচার কার্যক্রম ব্যাঘাত করার জন্য ও পুলিশ প্রশাসনকে চাপে রাখার জন্য আসামি বেআইনিভাবে মানববন্ধন করেছেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ও মাননীয় প্রধান মন্ত্রীর ছবি ব্যবহার করে ঘটনার তারিখে মেহেরপুর জেলা প্রশাসকের

কার্যালয়ের সামনে বেআইনি সমাবেশ করে বক্তব্য রাখেন। এ ধরনের বেআইনি সমাবেশ ও বক্তব্য রাখায় আওয়ামীলীগের আমার ও স্বাক্ষীসহ জনগণের অনুভূতিতে আঘাত লেগেছে।

তিনি লেখেন, নিলুফার ইয়াসমিন আওয়ামীলীগের কোনো বা বঙ্গবন্ধু সৈনিকলীগের কোনো সদস্য বা কর্মি নন। তারপরেও অপরের রুপ ধারণ করে প্রতারণার আশ্রয় গ্রহণ করে নিজেকে বঙ্গবন্ধুর সৈনিকলীগের মিথ্যা সদস্য দাবী করে ষড়যন্ত্রমুলকভাবে বেআইনি সমাবেশ করে আওয়ামীলীগের ভাবমূর্তি খুন্নু করেছে।

এছাড়া বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং প্রধান মন্ত্রীর ছবি সঠিক স্থানে প্রতিস্থাপন না করে যত্রতত্র ব্যবহার করে মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধ চারণ করে ডিজিটাল নিরাপত্তা আইনের বিধান লংঘন করেছেন।
এ

সময় বাদী পক্ষের আইনজীবি সাবেক পিপি অ্যাডভোকেট মিয়াজান আলী, অ্যাডভোকেট একেএম শফিকুল আলম, অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, নিলুফার ইয়াসমিন রুপা গত ১১/০৫/২৩ ইং তারিখ বেলা ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের ভিতরে তার বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার করার দাবী জানিয়ে বঙ্গবন্ধু সৈনিক লীগের ব্যানারে মানববন্ধন করেন। এসময় দেখা যায় তার পোস্টারে জাতির জনক বঙ্গবন্ধু মুজিবর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি নিলুফার ইয়াসমিন রুপার ছবির নিচে রয়েছে। এতে ক্ষিপ্ত হয়ে ওঠেন আওয়ামীলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রতিবাদের ঝড় ওঠে।

মেহেরপুরে পরিবেশ অধিদপ্তরকে

[redacted]

[redacted]

বিরুদ্ধে পরিবেশ আদালতে কোন মামলা দায়ের করা হয়নি। আদালতের আদেশের পর কয়েকটি ভাটায় অভিযান পরিচালনা করে সামান্য জরিমানার করা হলেও কঠোর ও কার্যকর কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি। আদালতের আদেশের পর কয়েকটি ভাটায় অভিযান পরিচালনা করে সামান্য জরিমানার করা হলেও কঠোর ও কার্যকর কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি মর্মে দেখা যায়। ফলে জরিমানা পরিশোধ করে পুনরায় সেসকল ভাটা আইনের বিধান লংঘন করে পরিবেশ দূষণ এবং মানুষের জীবন ও সম্পদের জন্য ক্ষতিকর কাজ চালিয়ে যাচ্ছে।

অথচ পরিবেশ অধিদপ্তর, কুষ্টিয়ার উপপরিচালকের স্বীকৃতমতেই মেহেরপুরের একটি ব্যতীত সকল ইট ভাটা অবৈধ। মহামান্য সুপ্রীম কোর্ট এবং সরকার পরিবেশ দূষণের বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহন করেছে। পরিবেশ সংরক্ষনের জন্য সরকার পরিবেশ সংরক্ষন আইন, ১৯৯৫ সহ অনেকগুলো বিশেষ আইন ও বিধি প্রনয়ন করেছে। উক্ত আইনের ধারা ৩ এর বিধান অনুযায়ী পরিবেশ অধিদপ্তর গঠন করা হয়েছে।

অধিদপ্তরকে পরিবেশ সংরক্ষন, পরিবেশগত মানোন্নয়ন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রন ও প্রশমনের গুরুত্বপুরন দায়িত্ব প্রদান করা হয়েছে। বৃহত্তর জেলা পর্যায়ে অধিদপ্তরের কার্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। পরিবেশ সংক্রান্ত আইন ও বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের ক্ষমতা অধিদপ্তরকে প্রদান করা হয়েছে।

সরকার উক্ত আইন ও বিধি সমূহ লংঘনের ক্ষেত্রে কঠোর সাজার বিধান এবং দ্রুত বিচারের নিমিত্ত পরিবেশ আদালত আইন, ২০০০ প্রনয়ন করেছে। উক্ত আইন দ্বারা পরিবেশ সংক্রান্ত অপরাধ দ্রুত বিচারের জন্য পরিবেশ আদালত এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট কোর্ট প্রতিষ্ঠা করা হয়েছে। অথচ বিগত ২৩ বছরে মেহেরপুরের পরিবেশ আদালত ও স্পেশাল ম্যাজিস্ট্রেট কোর্টে কোন মামলা দায়ের করা হয়নি মর্মে আদালত তার পর্যবেক্ষণে উল্লেখ করেন।

ইতিপূর্বে আদালতের নির্দেশ এবং স্বীকৃতমতে প্রায় শতভাগ অবৈধ ইটভাটা থাকা সত্বেও কোন ইটভাটার বিরুদ্ধে মামলা দায়ের না করার ঘটনাটি বেশ বিস্ময়কর ও আশ্চর্যজনক। যৌক্তিক কোন কারণ ছাড়া জেলা পরিবেশ অধিদপ্তর সব জেনেশুনেও অবৈধ প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অপরাধিদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন না করার ঘটনাটি স্পস্টতই দায়িত্ব অবহেলা বলে আদালত অভিমত প্রদান করেন।

বিধায় জনস্বার্থে The Code of Criminal Procedure, 1898 এর ধারা

১৯০ (১) (গ) অনুযায়ী পত্রিকায় প্রকাশিত সংবাদটি বিবেচনায় নিয়ে উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, কুষ্টিয়াকে এ বিষয়ে তদন্ত ও উপযুক্ত আইনগত ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী ১ জুন আদালতে হাজির হয়ে প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করে আদালত।

গাংনী উপজেলা চোরাচালান ও আইনশৃংখলা বিষয়ক মিটিং অনুষ্ঠিত

গাংনী উপজেলা চোরাচালান ও আইনশৃংখলা বিষয়ক মাসিক মিটিং উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল সাড়ে ১০ টার সময় এই মাসিক মিটিং অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক মিটিং এ প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এ সময় উপস্থিত ছিলেন চোরাচালান ও মাসিক আইনশৃংখলা বিষয়ক কমিটির সদস্য গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির আহম্নীমেদ শামীম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) আবদুল্লাহ আল মারুফ, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, আওয়ামীলীগের স্থানীয় নেতা ও গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, কাথুলি ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান রানা, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক

সম্পাদক ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, গাংনী বাজার কমিটির সভাপতি শাওন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন, সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দোলা রেজা, সিনিয়র সাংবাদিক সাহাজুল সাজু, ফারুক আহম্মেদ, আবু সাইদ প্রমুখ।

এসময় বিভিন্ন সরকারি দফতরের কর্মকর্তা, সীমান্তরক্ষি বাহিনীর সদস্য ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হজ্বযাত্রীদের দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

সুষ্ঠ ও সঠিকভাবে পবিত্র হজ পালনের ক্ষেত্রে হজযাত্রীদের ধর্মীয় ও আনুষাঙ্গিক বিষয়ে আনুষ্ঠানিকভাবে দিনব্যাপি প্রশিক্ষণের দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল থেকে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদে মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির উদ্যোগে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির সভাপতি আলহাজ মোঃ গোলাম রাসুলের সভাপতিত্বে প্রশিক্ষণে বক্তব্য রাখেন মেহেরপুর জামিয়া ইসলামিয়া মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মুফতি মোহাম্মদ হাফিজুর রহমান, সদর উপজেলা হাজী সমিতি সাধারণ সম্পাদক সোহরাব উদ্দিন, যুগ্ম সম্পাদক আব্দুল আজিজ, মিজানুর রহমান, মশিউর রহমান প্রমুখ।

গাংনী উপজেলা সাব রেজিস্ট্রি অফিস ভবনের ভিত্তি প্রস্তুর স্থাপন

প্রায় ৪ কোটি ৮৫ লাখ টাকা ব্যায়ে গাংনী উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের ৪ তলা ভবনের ভিত্তি প্রস্তুর স্থাপন করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল ১১ টার সময় মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আনুষ্ঠানিকভাবে ভিত্তিপ্রস্তর স্থাপনের নাম ফলক উন্মোচন করেন।

এসময় বিশেষ অতিথি ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভুরাম পাল, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী।

মেহেরপুর জেলা রেজিস্ট্রার (ডিআরও) মো: সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সাব রেজিস্ট্রার মাহফুজ রানা, ও ঠিকাদার প্রতিষ্ঠা বাবর এসোসিয়েটের পক্ষে মো: মাহবুব হোসেন।

উল্লেখ্য, ৪ কোটি ৮৫ লাখ টাকা প্রাথমিক ব্যায় ধরা হয়েছে। চার তলা ভবনের ভিত্তিপ্রস্তুর করা হলেও এখন দোতালা পর্যন্ত নির্মিত হবে গাংনী উপজেলা সাব রেজিস্ট্রার ভবণ।

মেহেরপুরে পুলিশের অভিযানে

সাজাপ্রাপ্তসহ গ্রেফতার-৪

মেহেরপুর সদর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে একজন সাজাপ্রাপ্তসহ ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ১, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১, সিআর মামলায় ১ ও সিআর মামলায় সাজাপ্রাপ্ত ১ আসামি রয়েছে।

সিআর ৩৫০/১৩ নং মামলায় সাজাপ্রাপ্ত আসামি হলেন, মেহেরপুর শহরের থানাপাড়া এলাকার লিয়াকত আলীর ছেলে তোহিদুল ইসলাম (৫০)। সদর থানার এএসআই আবুল বাশার সঙ্গীয়ফোর্স নিয়ে তার বাড়িতে অভিযান চালিয়ে তোহিদুলকে গ্রেফতার করেন।

গতকাল বুধবার (১৭ মে) দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার ভোররাত পর্যন্ত মেহেরপুর সদর থানার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল ১২ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে দ্রুতগতির বাইক দুর্ঘটনা, কিশোর নিহত

মেহেরপুর শোলমারী সড়কের তেরঘরিয়া বিলের কাছে দ্রুতগামী মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে মোঃ শাওন আলী (১৪) নিহত ও তার অপর বন্ধু মোঃ সৌরভ (১৭) আহত হয়েছেন।

আজ বুধবার (১৭ মে) বেলা ১১ টার দিকে এই দুর্ঘটনা ঘটে। তবে, মারা যায় বিকাল ৩ টার দিকে।

নিহত মোঃ শাওন আলী সদর উপজেলা শোলমারী গ্রামের পাঠানপাড়া এলাকার আশরাফ আলীর ছেলে ও ষোলমারী মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম

শ্রেনীর ছাত্র। মোঃ সৌরভ একই গ্রামের জিব্রাইল ওরফে জিতু’র ছেলে ও একই বিদ্যালয়ের ৮ম শ্রেনীর ছাত্র।

আহত শৌরভ মেহেরপুর-২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয়রা জানান, হতাহতরা মোটরসাইকেল যোগে শোলমারী থেকে মেহেরপুর আসছিল। তারা মেহেরপুর শোলমারী রাস্তার মাঝামাঝি তেরঘরিয়া বিলের রাস্তার পাশে পৌঁছালে মোটরসাইকেল চালক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি পাওয়ার টিলারকে ধাক্কা মারে। এতে ওই দুই কিশোর মারাত্বক আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহত শাওন আলীর অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। রাজশাহী নেওয়ার পথে পাবনার কাছে গিয়ে শাওন মারা যায়।

কৃষ্ণচুড়ার লাল আগুনে

গ্রীষ্ম মানেই ভিন্ন সাজে বাংলার প্রকৃতি। আকাশে গনগনে সূর্য। কাঠফাটা রোদ্দুরে তপ্ত বাতাস। গ্রীষ্মের এই নি:স্প্রাণ রুক্ষতা ছাপিয়ে প্রকৃতিতে কৃষ্ণচূড়া নিজেকে মেলে ধরে আপন মহিমায়। রুদ্র গ্রীষ্ম কেবল আগুনই ঝরায় না, লাল রঙে কৃষ্ণচূড়ার পসরা সাজিয়ে মনও কাড়ে। এ যেন প্রকৃতিজুড়ে কৃষ্ণচূড়ার ক্যাম্পাস।

কৃষ্ণচুড়ার এই ছবিটি মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি বাজারের সন্নিকট থেকে তুলেছেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন

জাতীয় প্রতিভা অন্বেষণে মেহেরপুরের দুই কৃতি সন্তান

বাংলাদেশ স্কাউটস স্পেশাল ইভেন্টস বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় প্রতিভা অন্বেষণ পুরষ্কৃত হয়েছেন মেহেরপুরে দুই কৃতি সন্তান ।

মেহেরপুর সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের মোঃ বাদশা খান বাংলা ভাষায় উপস্থাপনা বিভাগে জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন করে এবং মোঃ অনিক হাসান যন্ত্রসংগীত বিভাগে জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন করেছে।

গতকাল মঙ্গলবার (১৬ তারিখে) ঢাকা আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে এ পুরস্কার বিতরণ করা হয়।

বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও দুর্নীতি দমন কমিশনের কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া এসময় তিনি বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

গাংনীতে দুটি প্রতিষ্ঠানের ১৭ হাজার টাকা জরিমানা

আমদানিকারকের ট্যাগ বিহীন অবৈধ বিদেশি পণ্য ও তারিখ মুল্য বিহীন নিম্নমানের অনুমোদিত কসমেটিকস বিক্রি ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল ঔষধ বিক্রয়ের অপরাধে দুটি দোকানে ১৭ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমাণ অভিযান।

আজ বুধবার (১৭ই মে) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক গাংনী উপজেলার গাংনী